গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা বিভাগ
এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ
সমন্বয় শাখা-২

নং ২০.৮০৪.০১৪.০০.০০.০০৭.২০১০-১২৫ তারিখঃ ২৫/০৬/২০১২

বিষয়ঃ বিনিয়োগ প্রকল্পের জন্য যোগ্য ও অভিজ্ঞ প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত নির্দেশাবলী প্রেরণ।

সূত্রঃ পবি/এনইসি-৩/২০০৭-২০০৮/২৫৯, তারিখঃ ৮ নভেম্বর, ২০০৯।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের মাধ্যমে ইতোপূর্বে পরিকল্পনা বিভাগ থেকে প্রেরিত **বিনিয়োগ প্রকল্পের জন্য যোগ্য ও অভিজ্ঞ প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত নির্দেশাবলী** (কপি সংযুক্ত) যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ জানানো হলো।

(মোঃ জহিরুল ইসলাম)
সহকারী প্রধান
ফোনঃ ৮১২০৩১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব (সকল) ...., বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব (সকল)..., বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সদস্য (সকল)..., পরিকল্পনা কমিশন।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। মাননীয় পরিকল্পনা মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

master pc/E:\Majad\letter.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা বিভাগ
এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ

২৪ কার্তিক, ১৪১৬

নং-পবি/এনইসি-৩/২০০৭-২০০৮/২৫৯ তারিখঃ ---------------------
০৮ নভেম্বর, ২০০৯

পরিপত্র

বিষয়ঃ বিনিয়োগ প্রকল্পের জন্য-যোগ্য ও অভিজ্ঞ প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত নির্দেশাবলী

সূত্রঃ পবি/এনইসি/৬/৯৯/৯, তারিখঃ ২২শে মার্চ, ২০০০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সুষ্ঠু ব্যবস্থাপনার অভাবে উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত হচ্ছে না। ফলে, প্রকল্পের বাস্তবায়ন দীর্ঘায়িত হওয়ায় একদিকে যেমন প্রকল্পের উপযোগিতা ও বিনিয়োগের যথার্থতা হ্রাস পাচ্ছে তেমনি অন্যদিকে দেশ প্রকল্পের সুফল হতে বঞ্চিত হচ্ছে। নির্ধারিত সময়ের মধ্যে উন্নয়ন প্রকল্পের সুষ্ঠু ও যথাযথ বাস্তবায়নে প্রকল্প পরিচালক এবং প্রকল্প সংশ্লিষ্ট জনবলের কর্মদক্ষতার উপর বহুলাংশে নির্ভরশীল। এ বিষয়টি জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) ও জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) এর বিভিন্ন সভায় আলোচিত হয়েছে এবং এতদ্‌সংক্রান্ত সমস্যা সমাধানে কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয়েছে। প্রকল্পের সুষ্ঠু ও যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন সময় এনইসি ও একনেক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ সযত্ন বিবেচনায় সমন্বিত করে ইতঃপূর্বে জারীকৃত নির্দেশাবলী সংশোধনপূর্বক নিম্নরূপ নির্দেশাবলী জারি করা হলো ঃ

১.১ বিনিয়োগ প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৫০ (পঞ্চাশ) কোটি টাকা বা তদুর্দ্ধ হলে পূর্ণকালীন যোগ্য ও অভিজ্ঞ প্রকল্প পরিচালক নিয়োগ করতে হবে।

১.২ প্রকল্পের ধরণ ও ব্যাপ্তি বিবেচনায় আরও কম প্রাক্কলিত ব্যয়ের প্রকল্পের জন্য পূর্ণকালীন প্রকল্প পরিচালক অথবা আরও অধিক প্রাক্কলিত ব্যয়ের প্রকল্পের জন্য খন্ডকালীন প্রকল্প পরিচালক নিয়োগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক যুক্তিযুক্ত বিবেচনা করা হলে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সদস্যের নেতৃত্বে বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ, আইএমইডি, অর্থ বিভাগ ও সংস্থাপন মন্ত্রণালয়ের প্রতিনিধি সমন্বয়ে গঠিত কমিটির (কমিটির সদস্য যুগ্ম-সচিব/যুগ্ম-প্রধান পদমর্যাদার নীচে নহে) সুপারিশক্রমে মাননীয় পরিকল্পনা মন্ত্রী/উপদেষ্টার অনুমোদন গ্রহণ করতে হবে;

১.৩ কোন সরকারী কর্মকর্তাকে পদাধিকার বলে প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগ করা যাবে না। তবে বিশেষ ক্ষেত্রে এ ব্যবস্থা শিথিলের প্রয়োজন হলে উপরোক্ত অনুচ্ছেদ ১.২ এ বর্ণিত কমিটির সুপারিশক্রমে মাননীয় পরিকল্পনা মন্ত্রী/উপদেষ্টার অনুমোদন গ্রহণ করতে হবে;

১.৪ একই ব্যক্তিকে একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ করা যাবে না। তবে বিশেষ ক্ষেত্রে এ ব্যবস্থা শিথিলের প্রয়োজন হলে এ বিষয়েও উপরোক্ত অনুচ্ছেদ ১.২ এ বর্ণিত কমিটির সুপারিশক্রমে মাননীয় পরিকল্পনা মন্ত্রী/উপদেষ্টার অনুমোদন গ্রহণ করতে হবে;

চলমান পাতা/২

১.৫ প্রকল্প মেয়াদ শেষ হওয়ার ৬ (ছয়) মাস পর পর্যন্ত যে সব কর্মকর্তার চাকুরীর মেয়াদ থাকবে না, সে সব কর্মকর্তাকে প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগ করা যাবে না ;

১.৬ প্রকল্প পরিচালক হিসেবে নিয়োজিতব্য কর্মকর্তাকে ক্রয় সংক্রান্ত বিধানাবলী ও প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। এ ছাড়া প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ ও প্রকল্প বাস্তবায়ন কাজে কমপক্ষে ৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন (উপ-সচিব/উপ-প্রধান পদমর্যাদার নীচে নহে) কর্মকর্তাকে প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগ করতে হবে;

১.৭ প্রকল্প বাস্তবায়নে ব্যর্থ কর্মকর্তাকে পরবর্তীতে প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগ করা যাবে না। সেই সাথে সফল প্রকল্প পরিচালকের জন্য Incentive-এর ব্যবস্থা করা যেতে পারে। প্রকল্প বাস্তবায়নে ব্যর্থতা বা সফলতা অনুচ্ছেদ ১.২ এ বর্ণিত কমিটি বিবেচনা ও সুপারিশ করবে ;

১.৮ জনস্বার্থে একান্ত অপরিহার্য না হলে প্রকল্প বাস্তবায়নকালে সংশ্লিষ্ট প্রকল্পে নিয়োজিত প্রশিক্ষণ প্রাপ্ত, অভিজ্ঞ কর্মকর্তা/ প্রকল্প পরিচালককে অন্যত্র বদলী পরিহার করতে হবে। তবে পদোন্নতি অথবা শাস্তিপ্রাপ্ত কর্মকর্তার ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে না। পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাকে পদোন্নতির সকল সুযোগ সুবিধা প্রদান করে প্রকল্প সমাপন পর্যন্ত প্রকল্প পরিচালকের পদে বহাল রাখার প্রচেষ্টা গ্রহণ করতে হবে।

১.৯ প্রকল্পের ডিপিপিতে পূর্ণকালীন/খন্ডকালীন প্রকল্প পরিচালকের জন্য প্রযোজ্য ক্ষেত্রে বেতন ভাতা/সম্মানীর সংস্থান রাখতে হবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ হাবিব উল্লাহ্ মজুমদার)
সচিব
পরিকল্পনা বিভাগ

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা

৩। সচিব (সকল),.. মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।

৪। সদস্য (সকল), ..., পরিকল্পনা কমিশন, ঢাকা।

৫। মাননীয় পরিকল্পনা মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।